ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২২৫৬
সোনামুড়া, ১০ আগস্ট, ২০২৫

**কাঁঠালিয়ায় কৃষকদের নিয়ে সচেতনতামূলক শিবির সম্পন্ন**

প্রাকৃতিক উপায়ে চাষবাসের কাজে কৃষকদের উৎসাহ বৃদ্ধি করার লক্ষ্যে কৃষকদের নিয়ে ২দিনব্যাপী প্রশিক্ষণ ও সচেতনতামূলক শিবির গতকাল সম্পন্ন হয়েছে। কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের কাঁঠালিয়া কৃষি মহকুমা কার্যালয়ের উদ্যোগে ৮ আগস্ট থেকে কাঁঠালিয়া ব্লক এলাকার উত্তর পাহাড়পুর গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে শিবিরের সূচনা হয়েছিল। ২দিনব্যাপী শিবিরে আলোচনাকালে সিপাহীজলা জেলা কৃষি বিজ্ঞান কেন্দ্রের কৃষি বিজ্ঞানী উৎপল দে এবং কাঁঠালিয়া কৃষি মহকুমা কার্যালয়ের কৃষি তত্ত্বাবধায়ক রিপন সরকার কৃষকদের সামনে চাষবাসের ক্ষেত্রে রাসায়নিক সার ও ওষুধের বিকল্প হিসাবে প্রাকৃতিক চাষের গুরুত্ব এবং প্রয়োজনীয়তা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। পাশাপাশি জৈব সার তৈরীর বিভিন্ন পদ্ধতি ও জৈব সারের ব্যবহার নিয়ে ডেমোনেস্টেশন দেখানো হয়েছে শিবিরে। শিবিরে কাঁঠালিয়া কৃষি মহকুমা এলাকার ১০০ জন কৃষক প্রশিক্ষণ গ্রহণ করেন।

******